

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৭৮

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ غِيلَانَ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي جَعْفَرٍ، عَنْ
عُمَارَةَ بْنِ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ، عَنْ عُثْمَانَ بْنِ حُنَيْفٍ، أَنَّ رَجُلًا، ضَرِيرَ الْبَصَرِ أَتَى النَّبِيَّ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ ادْعُ اللَّهُ أَنْ يُعَافِيَنِي . قَالَ " إِنْ شِئْتَ دَعَوْتُ وَإِنْ شِئْتَ
صَبَرْتَ فَهُوَ خَيْرٌ لَكَ " . قَالَ فَادْعُهُ . قَالَ فَأَمَرَهُ أَنْ يَتَوَضَّأَ فَيُحْسِنَ وُضُوءَهُ وَيَدْعُو بِهَذَا
الدُّعَاءِ " اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ وَأَتَوَجَّهُ إِلَيْكَ بِنَبِيِّكَ مُحَمَّدٍ نَبِيِّ الرَّحْمَةِ إِنِّي تَوَجَّهْتُ بِكَ إِلَى
رَبِّي فِي حَاجَتِي هَذِهِ لِتُقْضَى لِي اللَّهُمَّ فَشَفِّعْهُ فِيَّ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ
غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ أَبِي جَعْفَرٍ وَهُوَ غَيْرُ الْخَطْمِيِّ وَعُثْمَانُ بْنُ
حُنَيْفٍ هُوَ أَخُو سَهْلٍ بْنِ حُنَيْفٍ .

বাংলা

৩৫৭৮. মাহমূদ ইবন গায়লান (রহঃ) উছমান ইবন হুনাযফ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, জনৈক দৃষ্টিহীন ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ আল্লাহর কাছে দু'আ করুন আমাকে যেন তিনি সুস্থ করে দেন। তিনি বললেনঃ তুমি যদি চাও তবে আমি দু'আ করতে পারি। যদি চাও এর উপর সবর করতে পার। আর তা হবে তোমার জন্য কল্যাণকর। লোকটি বললঃ দু'আ করে দিন। তখন তিনি খুব উত্তমরূপে উযু করে এই দু'আটি পড়তে তাকে নির্দেশ দিলেনঃ

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ وَأَتَوَجَّهُ إِلَيْكَ بِنَبِيِّكَ مُحَمَّدٍ نَبِيِّ الرَّحْمَةِ إِنِّي تَوَجَّهْتُ بِكَ إِلَى رَبِّي فِي حَاجَتِي هَذِهِ لِتُقْضَى لِي
اللَّهُمَّ فَشَفِّعْهُ فِيَّ

হে আল্লাহ! আমি তো তোমার কাছেই প্রার্থনা করছি, তোমার দিকেই মনোনিবেশ করছি রহমতের নবী তোমার নবী মুহাম্মাদের ওয়াসীলায়। আমি তো মনোনিবেশ করছি তোমার ওয়াসীলায় আমার এই প্রয়োজনে আমার রব্বের কাছেই যেন পূরণ হয় আমার এই প্রয়োজন। হে আল্লাহ! আমার বিষয়ে তাঁর সুপারিশ কবুল কর।

সহীহ, ইবনু মাজাহ ১৩৮৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৭৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সাহীহ-গারীব। আবু জা'ফর (রহঃ) এর রিওয়াযাত হিসাবে এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। এই আবু জা'ফর খিতমী আর উছমান ইবন হুনাযফ হলেন সাহল ইবন হুনাযফ-এর ভ্রাতা।

English

`Uthman bin Hunaif narrated that a blind man came to the Prophet (ﷺ) and said:

“Supplicate to Allah to heal me.” He (ﷺ) said: “If you wish I will supplicate for you, and if you wish, you can be patient, for that is better for you.” He said: “Then supplicate to Him.” He said: “So he ordered him to perform Wudu’ and to make his Wudu’ complete, and to supplicate with this supplication: ‘O Allah, I ask You and turn towards You by Your Prophet Muhammad (ﷺ), the Prophet of Mercy. Indeed, I have turned to my Lord, by means of You, concerning this need of mine, so that it can be resolved, so O Allah so accept his intercession for me (Allāhumma innī as’aluka wa atawajjahu ilaika binabiyyka Muḥammadin nabi-ir-raḥmati, innī tawajjahtu bika ila rabbī fī ḥājati hādhihi lituqḍā lī, Allāhumma fashaffi’ hu fīyya).’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উসমান ইবনু হুনাইফ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38980>

📖 হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন